

## যাত্রী পরিবহন সেবা

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) একমাত্র রাষ্ট্রীয় পরিবহন সংস্থা হিসেবে ১৯৬১ সাল হতে আরামদায়ক ও নির্ভরযোগ্য যাত্রী পরিবহন সেবা প্রদান করছে। বর্তমানে সংস্থাটি বিভিন্ন আন্তর্জাতিক, আন্তঃজেলা, সিটি সার্ভিস ও বিশেষ সার্ভিসে ৯১৯টি বিভিন্ন মডেলের বাস ব্যবহার করে ৩৯০টি রুট পরিচালনা করছে।

ক্রম	সেবার নাম	বাস সংখ্যা	রুট সংখ্যা	মন্তব্য
১	সিটি বাস সার্ভিস (ঢাকা)	২১৫টি	২২টি	
২	সিটি বাস সার্ভিস (চট্টগ্রাম)	০৭টি	০৪টি	
৩	আন্তঃজেলা বাস সার্ভিস	৩৭৬টি	১৬৩টি	
৪	স্কুল বাস সার্ভিস	০৮টি	০৭টি	
৪	মহিলা বাস সার্ভিস (ঢাকাতে ১৮টি, চট্টগ্রামে ২টি বাস)	২০টি	১৭টি	
৫	স্টাফ বাস সার্ভিস	২৯৫টি	১৭৮টি	
মোট =		৯২১টি	৩৯১টি	
৬	আন্তর্জাতিক বাস সার্ভিস	০৫টি	০৬টি	ঢাকা, কোলকাতা, আগরতলা, ঢাকা, শিলং ও গোহাটি রুট

বিআরটিসি ৯২৫টি বাসের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে যাত্রী পরিবহন সেবা প্রদান করে আসছে। যাত্রী সেবার পরিধি বিস্তৃত করার নিমিত্ত ভারতীয় লাইন অব ক্রেডিট (LoC-2) এর আওতায় ৬০০টি বাস বিআরটিসি'র বহরে যুক্ত হওয়া শুরু হয়েছে।

অর্থবছর	পরিবহনকৃত যাত্রী (সংখ্যা)	মন্তব্য
২০১৩-১৪	৩৪৭.৮১ লক্ষ	
২০১৪-১৫	৩৬৬.৫০ লক্ষ	
২০১৫-১৬	৩৬০.০০ লক্ষ	
২০১৬-১৭	৩৭০.০০ লক্ষ	
২০১৭-১৮	৩৮০.০০ লক্ষ	
সর্বমোট=	১৮২৪.৩১ লক্ষ	

## পণ্য পরিবহন সেবা

বিআরটিসি ট্রাক বহরের মাধ্যমে সাশ্রয়ী মূল্যে ও নিরাপদে সরকারি, বেসরকারি ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানে পণ্য পরিবহন সেবা প্রদান করছে। বিশেষ করে, সরকারি খাদ্যশস্য, সার, বীজ ও জরুরী ত্রাণ সামগ্রী পরিবহনে বিআরটিসি পণ্য পরিবহন সেবা প্রদান করছে।

বিআরটিসি ৮৫টি ট্রাক দিয়ে দেশের প্রত্যন্ত অঞ্চলে সরকারি পণ্য পরিবহন সেবা প্রদান করে আসছে। বিশেষ করে, সরকারি খাদ্য, সার, বীজ ও জরুরী ত্রাণ সামগ্রী পরিবহনের জন্য বিআরটিসি'র ট্রাকসমূহ ব্যবহৃত হচ্ছে। পণ্য সেবার পরিধি বিস্তৃত করার নিমিত্ত ভারতীয় লাইন অব ক্রেডিট (LoC-2) এর আওতায় ৫০০টি ট্রাক বিআরটিসি'র বহরে যুক্ত হওয়া শুরু হয়েছে।

অর্থবছর	পরিবহনকৃত মালামালের পরিমাণ (মেট্রন)	মন্তব্য
২০১৩-১৪	১,২৬,০০৮.০০	
২০১৪-১৫	১,৫৮,৮৫২.০০	
২০১৫-১৬	১,৩৮,৩২৩.০০	
২০১৬-১৭	২,৫৫,৩১৬.৩৪	
২০১৭-১৮	১,৬১,৮৬৩.৫০	
সর্বমোট=	৮৪০৩৬২.৮৪	

## প্রশিক্ষণ সেবা

দক্ষ জনবল গড়ার লক্ষ্যে ড্রাইভিং পেশায় দেশ-বিদেশে কর্মসংস্থানের নিমিত্ত বিআরটিসি'র ০৩টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৭টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে মানসম্মত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

বিআরটিসি বর্তমানে ১৭টি প্রশিক্ষণ কেন্দ্র এবং ০৩টি ইনস্টিটিউটের মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে দক্ষ জনবল তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করে আসছে। বিগত ০৫(পাঁচ) বছরে বিআরটিসি'র প্রশিক্ষণ কেন্দ্র/ইনস্টিটিউট কর্তৃক প্রশিক্ষণ প্রদানের চিত্র নিম্নরূপঃ

### বিআরটিসি নিজস্ব কোর্স কারিকুলাম অনুযায়ী পরিচালিত প্রশিক্ষণ

ক্রম	অর্থবছর	প্রশিক্ষণার্থীর সংখ্যা (জন)			মন্তব্য
		পুরুষ	মহিলা	মোট	
০১	২০১৪-১৫	৭২১৪	৪৩১	৭৬৪৫	
০২	২০১৫-১৬	৬৩৪৯	৮৩৯	৭১৮৮	
০৩	২০১৬-১৭	৭৬০৮	৫১৩	৮১২১	
০৪	২০১৭-১৮	৭৮৮২	৫৮৮	৮৪৭০	
০৫	২০১৮-১৯	৪৬৯২	২৯১	৪৯৮৩	
সর্বমোট=		৩৩৭৪৫	২৬৬২	৩৬৪০৭	

এছাড়া অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের অধীনে SEIP এর আওতায় ১লক্ষ দক্ষ চালক তৈরির নিমিত্ত বিআরটিসি'র মাধ্যমে ৩৬০০০ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ০২ মার্চ ২০১৮ থেকে ড্রাইভিং প্রশিক্ষণ শুরু হয়েছে। ইতোমধ্যে ৩টি ব্যাচে ৬০০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সরকার কর্তৃক ০৫ বছরে ১লক্ষ দক্ষ চালক তৈরির নিমিত্ত SEIP প্রকল্পের আওতায় বিআরটিসি'র ১৯টি প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ৪ মাসব্যাপী এ প্রশিক্ষণ কর্মসূচিতে ড্রাইভিং ছাড়াও বেসিক রক্ষণাবেক্ষণ এবং আরবী ও ইংরেজী ভাষার উপর প্রশিক্ষণ দেয়া হয়। ইতোমধ্যে ০৩টি ব্যাচে ৬০০০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মার্চ/২০১৯ মাসে ৪র্থ ব্যাচের চালক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হতে যাচ্ছে। ০৩টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম নিম্নরূপঃ

ব্যাচ নং	সময়কাল	প্রশিক্ষণার্থীর সংখ্যা (জন)			মন্তব্য
		পুরুষ	মহিলা	মোট	
০১	মার্চ/১৮ - জুন/১৮	১৮৪৭	৫৩	১৯০০	৪ মাসব্যাপী প্রশিক্ষণ
০২	জুলাই/১৮-অক্টো:/১৮	২১৬৭	৩৩	২২০০	৪ মাসব্যাপী প্রশিক্ষণ
০৩	নভে:/১৮-ফেব্রু:/১৯	১৮১১	৮৯	১৯০০	৪ মাসব্যাপী প্রশিক্ষণ
সর্বমোট=		৫৮২৫	১৭৫	৬০০০	

### রক্ষণাবেক্ষণ ও মেরামত সেবা

ঢাকার তেজগাওস্থ বিআরটিসি'র কেন্দ্রীয় মেরামত কারখানার মাধ্যমে সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের অবানিজ্যিক গাড়ী রক্ষণাবেক্ষণ ও মেরামত সেবা প্রদান করা হচ্ছে। বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর, দপ্তর ও সংস্থা এ সেবা গ্রহণ করে থাকে।

সরকারি বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর, সংস্থা, অন্যান্য প্রতিষ্ঠানসহ বিআরটিসি'র অবানিজ্যিক গাড়িসমূহ মেরামতের জন্য ১৯৬১ সালে প্রতিষ্ঠিত তেজগাও কেন্দ্রীয় মেরামত কারখানায় বিভিন্ন ধরনের গাড়ির মেরামত কার্যক্রম চলছে। বিগত ০৫ বছরের মেরামত চিত্র নিম্নরূপঃ

ক্রম	বছর	মেরামতকৃত অবানিজ্যিক গাড়ির সংখ্যা	মন্তব্য
০১	২০১৪	৩২০৮টি	
০২	২০১৫	২৪৬৯টি	
০৩	২০১৬	২১৪৩টি	
০৪	২০১৭	২১৪৯টি	
০৫	২০১৮	১৯৩১টি	
	সর্বমোট=	১১৯০০টি	